

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৯৯৩.২০১৬- ৪৫৬


তারিখ : ২৫/১১/১৯

বিষয় : রীট পিটিশন নং-১৩৮৮৮/২০১৬, বাদী মোঃ তারিকুল ইসলাম, সত্ত্বাধিকারী, মেসার্স ইসলাম ট্রেডার্স, পার্টনার অব এমএমবি-আইটি জয়েন্ট ভেঞ্চার, হোল্ডিং নং-১/ডি, সেন্ট্রাল রোড, গোফ, যশোর-বনাম-সরকার ও অন্যান্য।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্পের আওতায় খুলনা জেলার, ডুমুরিয়া উপজেলাধীন বসুন্দিয়াভাঙ্গা বাজার-মাগুরখালী-ইউপি অফিস (চরচরিয়া-শিবনগর) সড়কে ২৪৯০ মিঃ চেইনেজে ভদ্রা নদীর উপর ৩১৫.৩০মিঃ দীর্ঘ ব্রীজ নির্মাণের লক্ষে আহ্বানকৃত টেন্ডারের বিষয়ে রীট আবেদনটি দায়ের করা হয়। মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক বিবাদীগনকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। এছাড়া বিজ্ঞ আদালত সিপিটিইউ'র গত ১৬/১০/২০১৫ তারিখের ১৮৫৭ নং স্মারকের কার্যকরিতা ০৬ (ছয়) মাসের জন্য স্থগিতসহ ব্রীজ নির্মাণ কার্যক্রমে স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

১। মহাপরিচালক
সেন্ট্রাল প্রোকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিউ)
শেরে বাংলা নগর, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী
এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (উন্নয়ন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।